

া সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৫২৩

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرّ وَالْإِحْسَانِ)

আরবী

أَخْبَرَنَا أَحْمَدُ بْنُ عَلِيّ بْنِ الْمُثَنَّى قَالَ: حَدَّثَنَا أَبُو خَيْثَمَةً قَالَ: حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ قَالَ: أَتَيْتُ أَخْبَرَنَا سَلَامُ بْنُ مِسْكِينٍ عَنْ عَقِيلِ بْنِ طَلْحَةَ قَالَ: حَدَّثَنِي أَبُو جُرَيّ الْهُجَيْمِيُّ قَالَ: أَتَيْتُ رَسُولَ اللَّهِ إِنَّا قَوْمٌ مِنْ أَهْلِ الْبَادِيَةِ فعلِّمنا رَسُولَ اللَّهِ إِنَّا قَوْمٌ مِنْ أَهْلِ الْبَادِيَةِ فعلِّمنا شَيْئًا يَنْفَعُنَا اللَّهُ بِهِ فقَالَ: (لَا تَحْقِرَنَّ مِنَ الْمَعْرُوفِ شَيْئًا وَلَوْ أَنْ تُفْرِغَ مِنْ دَلُوكَ فِي إِنَاءِ الْمُسْتَسْقِي وَلَوْ أَنْ تُكْلِّمَ أَخَاكَ وَوَجْهُكَ إِلَيْهِ مُنْبَسِطٌ وَإِيَّاكَ وَإِسْبَالَ الْإِزَارِ فَإِنَّهُ مِنَ الْمُحْرَةُ شَتَمَكَ بِمَا يَعْلَمُ فِيكَ فَلَا تَشْتُمْهُ بِمَا تَعْلَمُ فِيهِ فَإِنَ أَجْرَهُ لَكَ وَوَبَالُهُ عَلَى مَنْ قاله.)

الراوي: أَبُو جُرَيِّ الْهُجَيْمِيُّ المحدث: العلامة ناصر الدين الألباني المصدر: التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 523 ا خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

৫২৩. আবু জুরাই আল হুজাইমী রাদ্বিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম এর কাছে আসলাম, এবং বললাম: "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমরা তো মরু এলাকার লোক, আমাদের এমন কিছু শিক্ষা দিন, যার মাধ্যমে মহান আল্লাহ আমাদের উপকৃত করবেন।" রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন: " কোন ভাল কাজকেই তুচ্ছ জ্ঞান করবে না, যদিও সেটি হয় কোন পানি প্রার্থীর পাত্রে তোমার পাত্র থেকে পানি ঢেলে দেওয়া হয়, যদিও সেটি হয় তোমার ভাইয়ের সাথে প্রশস্ত চেহারায় কথা বলা (এর মত ছোট সাওয়াবের কাজ) হয়। গিরার নিচে লুঙ্গী পড়া থেকে বেঁচে থাকবে। কেননা এটি অহঙ্কারের অন্তর্ভূক্ত; যা মহান আল্লাহ ভালবাসেন না। যদি কোন ব্যক্তি তোমার কোন দোষ যা সে জানে, তা দিয়ে তোমাকে গালমন্দ করে, তবে তুমি তার মধ্যে যে দোষ জানো, তার মাধ্যমে তাকে গালমন্দ করবে না। কেননা তোমার জন্য এর প্রতিদান রয়েছে। আর এর বিপদ তার কথকের উপর বর্তাবে।"[1]

قَالَ أَبُو حَاتِمٍ: الْأَمْنُ بِتَرْكِ اسْتِحْقَارِ الْمَعْرُوفِ أَمْنٌ قُصِدَ بِهِ الْإِرْشَادُ وَالزَّجْنُ عَنْ إِسْبَالِ الْإِزَارِ زَجْنُ حَتْمٍ لِعِلَّةٍ



مَعْلُومَةٍ وَهِيَ الْخُيلَاءُ فَمَتَى عُدِمَت الْخُيلَاءُ لَمْ يَكُنْ بِإِسْبَالِ الْإِزَارِ بَأْسٌ وَالزَّجْرُ عَنِ الشَّتِيمَةِ إِذَا شُوتِمَ الْمَرْءُ زَجْرٌ عَنْهُ فِي ذَلِكَ الْوَقْتِ وَقَبْلَهُ وَبَعْدَهُ وَإِنْ لَمْ يُشْتَمْ.

আবু হাতিম ইবনু হিবান রহিমাহুল্লাহ বলেন: "ভাল কাজ অবজ্ঞা না করার নির্দেশ দ্বারা উদ্দেশ্য হলো নির্দেশনা প্রদান করা, লুঙ্গী গিরার নিচে ঝুলিয়ে পড়ার ব্যাপারে ধমকী হলো অবধারিত হুমকী; যা সুনির্দিষ্ট কারণে এসেছে আর সেটি হলো অহংকার। কাজেই যখন অহংকার না থাকবে, তখন লুঙ্গী ঝুলিয়ে পড়া দূষনীয় হবে না। আর কারো গালমন্দ করার পরিপেক্ষিতে তাকে গালমন্দ না করার ব্যাপারে সতর্ক করা হয়েছে। এমনকি এর আগে বা পরে যখন গালমন্দ করা হয় না, তখনও কাউকে গালমন্দ করার ব্যাপারে সতর্ক করা হয়েছে।"

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৫/৬৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ৩৫০৪; ইমাম বুখারী, আত তারীখুল কাবীর: ২/২০৬। হাদীসটিকে আল্লামা শু'আইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ লিগাইরিহী বলেছেন। (আস সহীহাহ: ১৩৫২।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি 🛘 বর্ণনাকারীঃ আবূ জুরাই হুজাইমী (রাঃ)

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন